গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
এমআইএস বিভাগ

বিপিসি ও এর অধীন কোম্পানিসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ লাল হোসেন, সচিব, বিপিসি।
সভার তারিখ	:	২৯/১০/২০২০
সভার সময়	:	বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	:	বিপিসি বোর্ড সভাকক্ষ, চট্টগ্রাম
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা	:	পরিশিষ্ট - ক

১। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আলোচ্য সূচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য APA এর ফোকাল পয়েন্ট-কে অনুরোধ করেন। সভায় বিগত সেপ্টেম্বর ২০২০ মাসের APA সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়।

২। সভায় বিপিসি ও এর অধীন কোম্পানিসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২০-২১ এর কার্যক্রম, লক্ষ্যমাত্রা ও এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/প্রতিষ্ঠান
২.০১	**পরিশোধিত তেল আমদানিঃ** বিপিসি'র ২০২০-২১ অর্থবছরের এপিএ'তে পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ৪৫.৫০ লক্ষ মে.টন অর্জনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। জুলাই-সেপ্টেম্বর ২০২০ সময়ে পরিশোধিত জ্বালানি তেলের আমদানি কম হলেও সেচ মৌসুমে তা বাড়বে বলে সভায় জানানো হয়। এছাড়া বেসরকারি প্ল্যান্টসমূহ কর্তৃক আমদানিকৃত জ্বালানি তেলের তথ্যাদি সংগ্রহ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। বিপিসি'র ২০২০-২১ অর্থবছরের এপিএ'তে পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ৪৫.৫০ লক্ষ মে.টন অর্জনে কর্পোরেশনের বাণিজ্য ও অপারেশন্স বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। ২। পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা অর্জনে বেসরকারি প্ল্যান্ট কর্তৃক আমদানিকৃত তেলের তথ্যাদি সংগ্রহপূর্বক সাচিবিক বিভাগে প্রেরণ করতে হবে।	উর্ধ্বতন মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বিপিসি।
২.০২	**অপরিশোধিত তেল আমদানিঃ** বিপিসি'র ২০২০-২১ অর্থবছরের এপিএ'তে অপরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ১৩ লক্ষ মে.টন থেকে সংশোধন করে ১২ লক্ষ মে.টন করা হয়েছে। এ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	বিপিসি'র ২০২০-২১ অর্থবছরের এপিএ'তে অপরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ১২ লক্ষ মে.টন অর্জনে কর্পোরেশনের বাণিজ্য ও অপারেশন্স বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	উর্ধ্বতন মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বিপিসি।
২.০৩	**পেট্রোলিয়াম পণ্য বিপণনঃ** বিপিসি'র ২০২০-২১ অর্থবছরের এপিএ'তে "পেট্রোলিয়াম পণ্য বিপণন" কার্যক্রমে খুচরা কাস্টমার, সরাসরি কাস্টমার ও এজেন্সি কর্তৃক বিপণনের মোট লক্ষ্যমাত্রা ৫০ লক্ষ মে.টন অর্জনের বিষয়ে সভায় আলোচনা হয়।	বিপিসি'র ২০২০-২১ অর্থবছরের এপিএ'তে "পেট্রোলিয়াম পণ্য বিপণন" এর লক্ষ্যমাত্রা ৫০ লক্ষ মে.টন অর্জনে কর্পোরেশনের বন্টন ও বিপণন বিভাগ এবং তেল বিপণন কোম্পানিসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।	মহাব্যবস্থাপক(বঃ ও বিপঃ), বিপিসি। বিপণন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ।
২.০৪	**ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ তেল পাইপলাইন নির্মাণঃ** ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ তেল পাইপলাইন নির্মাণের ক্ষেত্রে সভাকে অবহিত করা হয় যে, জমি অধিগ্রহণের টাকা জমা করা হয়েছে কিন্তু জমি এখনও বুঝে পাওয়া যায়নি। নভেম্বর ২০২০ এর মধ্যে পাইপলাইন নির্মাণ কাজ শুরু হবে বলে সভাকে জানানো হয়।	ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন নির্মাণের ক্ষেত্রে ২০২০-২১ অর্থবছরে ২০ কি.মি পাইপলাইন বসানোর লক্ষ্যমাত্রা অর্জনে বিপিসি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। নভেম্বর ২০২০ এর মধ্যে পাইপলাইন নির্মাণ কাজ শুরু করার উদ্যোগ নিতে হবে	মহাব্যবস্থাপক(পরিঃ ও উঃ), বিপিসি। প্রকল্প পরিচালক, এমপিএল।

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/প্রতিষ্ঠান
২.০৫	**চট্টগ্রাম-ঢাকা তেল পাইপলাইন নির্মাণের উদ্যোগ গ্রহণঃ** চট্টগ্রাম-ঢাকা তেল পাইপলাইন নির্মাণ প্রকল্পের ক্ষেত্রে ডিপিপি অনুমোদন হয়েছে এবং ভূমি অধিগ্রহণের কাজ চলমান রয়েছে বলে সভাকে জানানো হয়। মার্চ ২০২০ এর মধ্যে ২৪০ কি.মি লাইনপাইপ বাংলাদেশে আনা হবে বলে সভাকে অবহিত করা হয়।	চট্টগ্রাম-ঢাকা তেল পাইপলাইন নির্মাণ প্রকল্পে মার্চ ২০২০ এর মধ্যে লাইনপাইপ সংগ্রহের লক্ষ্যে বিপিসি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ জরুরী পদক্ষেপ গ্রহণ করবে।	মহাব্যবস্থাপক(পরিঃ ও উঃ), বিপিসি। প্রকল্প পরিচালক, পিওসিএল।
২.০৬	**গভীর সাগর থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাসঃ** গভীর সাগর থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাসের জন্য ইতিমধ্যে ১৭৪ কি.মি পাইপলাইন বসানো হয়েছে এবং নভেম্বর ২০২০ এর মধ্যে পুনরায় কাজ শুরু করা হবে বলে সভাকে জানানো হয়।	গভীর সাগর থেকে পাইপলাইনে আমদানিকৃত তেল খালাসের জন্য নভেম্বর ২০২০ এর মধ্যে পাইপলাইন বসানোর কাজ শুরু করার বিষয়ে বিপিসি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহাব্যবস্থাপক(পরিঃ ও উঃ), বিপিসি। প্রকল্প পরিচালক, ইআরএল।
২.০৭	**জেট এ-১ পাইপলাইন নির্মাণঃ** "জেট এ-১ পাইপলাইন নির্মাণ" প্রকল্পে ১৬ কি.মি পাইপলাইনের মধ্যে ৫.৫ কি.মি পাইপলাইন ইতিমধ্যে বসানো হয়েছে। নভেম্বর ২০২০ মাসের মধ্যে আরও ৫ কি.মি পাইপলাইন বসানোর কাজ শুরু করা হবে বলে সভাকে জানানো হয়।	জেট এ-১ পাইপলাইন নির্মাণে নভেম্বর ২০২০ এর মধ্যে অতিরিক্ত ৫ কি.মি পাইপলাইন বসানোর কাজ শুরু করার বিষয়ে বিপিসি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহাব্যবস্থাপক(পরিঃ ও উঃ), বিপিসি। প্রকল্প পরিচালক, পিওসিএল।
২.০৮	**মডেল পেট্রোল পাম্প স্থাপনঃ** বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে কোম্পানিসমূহ কর্তৃক ৩টি মডেল পেট্রোল পাম্প স্থাপন ও উদ্বোধনের ক্ষেত্রে কোম্পানিসমূহ ২টি করে পেট্রোল পাম্প স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে বলে সভাকে জানানো হয়। প্রতি কোম্পানি হতে ১টি করে মোট ৩টি মডেল পেট্রোল পাম্প স্থাপন ও উদ্বোধনের বিষয়ে সভায় আলোচনা হয়।	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রত্যেক কোম্পানি হতে ১টি করে মোট ৩টি মডেল পেট্রোল পাম্প স্থাপন ও উদ্বোধন কার্যক্রম মে ২০২১ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। বিপিসি'র বন্টন ও বিপণন বিভাগ বিষয়টি মনিটর করে এ সম্পর্কিত অগ্রগতি সভায় পেশ করবে।	মহাব্যবস্থাপক(বঃ ও বিপঃ), বিপিসি। বিপণন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ।
২.০৯	**কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানঃ** ২০২০-২১ অর্থবছরের এপিএ'তে কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণ জনঘন্টা ৫০ ঘন্টা অর্জনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কোম্পানিসমূহকে এপিএ-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করে বিপিসিতে প্রেরণ করার জন্য বলা হয়। এছাড়া ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মকর্তাকে এপিএ বিষয়ে ন্যূনতম ৫ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	১। ২০২০-২১ অর্থবছরে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ৫০ জনঘন্টা পূরণের লক্ষ্যে বিপিসি ও কোম্পানিসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মকর্তাকে এপিএ বিষয়ে ন্যূনতম ৫ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করতে হবে। ২। কোম্পানিসমূহ এপিএ-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করে বিপিসিতে প্রেরণ করবে। বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র উক্ত পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করবে। ৩। বিপিসি প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরবর্তীতে সভায় উপস্থিত থাকবেন।	উর্ধ্বতন মহাব্যবস্থাপক/ মহাব্যবস্থাপকবৃন্দ, বিপিসি। কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ। প্রধান কোর্স সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র।
২.১০	**ডিজিটাল সেবা চালুকরণঃ** একটি নতুন ডিজিটাল সেবা চালু করার বিষয়ে পিওসিএল এর প্রতিনিধি সভাকে জানান, তারা নিজস্ব ট্যাংকলরিগুলোতে Vehicle Tracking System চালুকরণ এবং Online Payment System চালু করার ব্যবস্থা গ্রহণ করবে। বিষয়টি বিপিসি'র লক্ষ্যমাত্রায় সংযুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	একটি নতুন ডিজিটাল সেবা চালু করার বিষয়ে পিওসিএল কর্তৃক তাদের নিজস্ব ট্যাংকলরিগুলোতে Vehicle Tracking System চালুকরণ এবং Online Payment System চালু করার বিষয়টি বিপিসি'র লক্ষ্যমাত্রায় সংযুক্ত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। এ কার্যক্রম বাস্তবায়নে পিওসিএল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহাব্যবস্থাপক(এমআইএস), বিপিসি। কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ।

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/প্রতিষ্ঠান
২.১১	**সেবা সহজীকরণঃ** সেবা সহজীকরণ বিষয়ে এলপিজিএল এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, চট্টগ্রাম ও সিলেট প্ল্যান্ট থেকে সরকার নির্ধারিত মূল্যে (৬০০ টাকায়) ভোক্তাদের নিকট ১টি NID এর বিপরীতে ২টি এলপিজি সিলিন্ডার দেয়া হচ্ছে। ১টি NID এর বিপরীতে ১টি কার্ড দেয়া হয় এবং রেজিস্টারে সংরক্ষণ করা হয় যেন একজন ভোক্তা মাসে একবারের বেশী সিলিন্ডার নিতে না পারে। সেবা সহজীকরণের এ বিষয়টি বিপিসি'র লক্ষ্যমাত্রায় সংযুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। চট্টগ্রাম ও সিলেট প্ল্যান্ট থেকে সরকার নির্ধারিত মূল্যে (৬০০ টাকায়) ভোক্তাদের নিকট ১টি NID এর বিপরীতে ২টি এলপিজি সিলিন্ডার প্রদানের বিষয়টি বিপিসি'র সেবা সহজীকরণের লক্ষ্যমাত্রায় সংযুক্ত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। ২। কোম্পানিসমূহ একটি চলমান সেবা সহজ করে ও তা অধিক্ষেত্রে বাস্তবায়িত করে বিপিসি-কে অবহিত করবে এবং প্রমাণকসহ এ সংক্রান্ত তথ্যাদি বিপিসি-তে প্রেরণ করবে।	মহাব্যবস্থাপক(এমঅাইএস), বিপিসি। কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ।
২.১২	**বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়নঃ** সভাকে অবহিত করা হয় যে, বিপিসি'র সা,ক,শা হতে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন করা হয় এবং তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়। কিন্তু বাঃ ও অপাঃ এবং পরিঃ ও উঃ বিভাগ হতে APP প্রণয়ন করা হয় না। বিপিসি'র বাঃ ও অপাঃ এবং পরিঃ ও উঃ বিভাগ কর্তৃক ২০২০-২১ অর্থবছরের APP প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	বিপিসি'র বাঃ ও অপাঃ এবং পরিঃ ও উঃ বিভাগ ২০২০-২১ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন করে সাচিবিক বিভাগে প্রেরণ করবে। পরবর্তীতে তা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সচিব, বিপিসি। উর্ধ্বতন মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), মহাব্যবস্থাপক (পরিঃ ও উঃ), বিপিসি।
২.১৩	**অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমঃ** বিপিসি ও কোম্পানিসমূহের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভাকে জানানো হয় যে, ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য অগ্রিম আপত্তিগুলো মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।	বিপিসি ও কোম্পানিসমূহের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য অগ্রিম আপত্তিগুলোর প্রস্তাব যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	উর্ধ্বতন মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিপিসি।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১১/২০২০

(মোঃ লাল হোসেন)
সচিব

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র সচিব জনাব মোঃ লাল হোসেন এর সভাপতিত্বে ২৯/১০/২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় বিপিসি ও এর অধীন কোম্পানিসমূহের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পর্কিত সভার উপস্থিতিঃ

বিপিসিঃ

ক্রমিক	নাম	স্বাক্ষর
১।	জনাব মোঃ আবু হানিফ উর্ধ্বতন মহাব্যবস্থাপক(বাঃ ও অপাঃ), বিপিসি।	
২।	জনাব মোঃ ইউসুফ হোসেন ভূঁইয়া উর্ধ্বতন মহাব্যবস্থাপক(নিরীক্ষা), বিপিসি।	২৯.১০.২০২০
৩।	জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী মহাব্যবস্থাপক(বঃ ও বিঃ), বিপিসি।	—
৪।	জনাব এ টি এম সেলিম মহাব্যবস্থাপক(হিসাব), বিপিসি।	—
৫।	ইঞ্জিঃ মোঃ রাশেদ কাউছার মহাব্যবস্থাপক(পরিঃ ও উন্নঃ), বিপিসি।	২৯/১০/২০
৬।	জনাব মোঃ আবুল কালাম আজাদ মহাব্যবস্থাপক, এমআইএস (ইনসিটো), বিপিসি।	২৯.১০.২০.
৭।	জনাব এস এম জুবায়ের হাসান ব্যবস্থাপক(এমআইএস), বিপিসি।	২৯/১০/২০২০.
৮।	মুহাম্মদ মোবাশ্বের হোসাইন আবাদ, ডিজিএম (বিপিসি)	২৯/১০/২০২০

অধীন কোম্পানিসমূহঃ

ক্রমিক	নাম	স্বাক্ষর
১।	জনাব মোঃ ফজলুর রহমান খান ব্যবস্থাপনা পরিচালক, এলপিজিএল।	—
২।	জনাব রাশেদ চৌধুরী উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন), ইআরএল।	২৯/১০/২০২০
৩।	জনাব মোঃ মাসুদ করিম উপ-মহাব্যবস্থাপক(এমআইএস এন্ড আইটি), জেওসিএল।	২৯/১০/২০২০
৪।	জনাব মোঃ শহিদুল আলম উপ-মহাব্যবস্থাপক(এইচ আর), পিওসিএল।	—
৫।	~~জনাব রেজা মোঃ রিয়াজ উদ্দিন~~ (স্থলাভিষিক্ত) ~~সহকারী~~ মহাব্যবস্থাপক(এইচ আর), এমপিএল।	২৯/১০/২০২০
৬।		২৯/১০/২০২০
৭।		২৯/১০/২০২০
৮।		29/10/2020
৯।		29.10.20
১০।		29.10.2020
১১।		